দৈনিক
আমাদের সময়
তারিখ 19 DEC 2016
পৃষ্ঠা ১ কলাম ৬

প্রধান অতিথি নিয়ে দ্বন্দ্ব

# কারমাইকেলের শতবর্ষপূর্তি অনুষ্ঠান স্থগিত

নজরুল মৃধা, রংপুর ● প্রধান অতিথি কে হবেন? কারমাইকেলের প্রাক্তন ছাত্র ও সাবেক রাষ্ট্রপতি এইচএম এরশাদ, নাকি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ– এই দ্বন্দ্বে অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে রংপুর কারমাইকেল কলেজের শতবর্ষ উদযাপন অনুষ্ঠান। অনুষ্ঠান স্থগিতের সিদ্ধান্তটি জানার পর প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীদের মধ্যে চরম ক্ষোভ বিরাজ করছে। প্রধান অতিথি নির্ধারণ না হলে অনুষ্ঠান বাতিল করে রেজিস্ট্রেশনের টাকা ফেরত দেওয়ার কথা ভাবছে কর্তৃপক্ষ।

কলেজ সুত্রে জানা গেছে, গত ১০ নভেম্বর শতবর্ষ পার করে কারমাইকেল কলেজ। প্রথম দফায় ৪ ও ৫

এরপর পৃষ্ঠা ২, কলাম ৩

## কারমাইকেলের শতবর্ষ পূর্তি অনুষ্ঠান স্থগিত

(প্রথম পৃষ্ঠার পর) নভেম্বর উদযাপনের তারিখ ঘোষণা করেছিল কারমাইকেল কলেজের শতবর্ষ উদযাপন কমিটি। পরে ১৬ অক্টোবর কলেজটির শিক্ষক পরিষদের সিদ্ধান্তে তা পরিবর্তন করে ২৩ ও ২৪ ডিসেম্বর করা হয়।

শতবর্ষ উদযাপন কমিটির একাধিক সদস্য ও প্রাক্তন কয়েক ছাত্র জানান, সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির চেয়ারম্যান এইচএম এরশাদ কলেজটির প্রাক্তন ছাত্র। ওই হিসেবে প্রথম দিনের অনুষ্ঠানে তাকে প্রধান অতিথি করার দাবি জানিয়ে আসছিলেন তারা। কিন্তু কলেজটির অধ্যক্ষ ড. মো. আব্দুল লতিফ মিয়ার সঙ্গে শিক্ষামন্ত্রীর ব্যক্তিগত সম্পর্ক থাকায় প্রথম দিনের অনুষ্ঠানে শিক্ষামন্ত্রীকে প্রধান অতিথি করার চেষ্টা চালাচ্ছেন তিনি। এতে উদযাপন কমিটির আহ্বায়ক ও শিক্ষার্থীদের মধ্যে চরম ক্ষোভ দেখা দেয়। তাই বাধ্য হয়ে বর্তমান অধ্যক্ষ অনুষ্ঠান স্থগিতের সিদ্ধান্ত নেন।

কলেজের কয়েক শিক্ষার্থী জানান, দীর্ঘদিন ধরেই রংপুরের কৃতী সন্তান ও কলেজটির প্রাক্তন ছাত্র এইচএম এরশাদকে প্রধান অতিথি করার দাবি জানিয়ে আসছেন তারা। কিন্তু বর্তমান অধ্যক্ষ মন্ত্রণালয়ের এক চিঠি দেখিয়ে শিক্ষামন্ত্রীকে প্রধান অতিথি করার চেষ্টা করছেন।